ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৫১৭

আগরতলা,৩০ ডিসেম্বর,২০২৫

**টি.আর.পি.সি.এল.-এর পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী**

# প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে যুব সমাজকে টি.আর.পি.সি.এল.-র সঙ্গে আরও বেশি করে যুক্ত করতে হবে

রাজ্যের জুমিয়া ও বন নির্ভর জনগোষ্ঠীর উন্নত ও টেকসই জীবিকায়নের লক্ষ্যে ত্রিপুরা রাবার প্ল্যান্টেশন কর্পোরেশনের কাজকর্ম আরও গতিশীল ও জনমুখী করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সভাপতিত্বে রাজ্যের টি.আর.পি.সি.এল.-এর সার্বিক বিষয় নিয়ে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, টি.আর.পি.সি.এল. শুধুমাত্র একটি কর্পোরেশন নয়। রাজ্যের জুমিয়া পরিবারগুলির জীবিকা ও সামাজিক নিরাপত্তা দেওয়ার জন্য একটি গুরুত্বপূর্ণ সংস্থা। যা তাদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে বিরাট ভূমিকা পালন করতে পারে। রাজ্যের প্রান্তিক এলাকার জনগণের ও রাজ্যের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে রাবার চাষের বিরাট ভূমিকা রয়েছে। বৈঠকে এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, রাবার উৎপাদন ও সংগ্রহ প্রক্রিয়ার ক্ষেত্রে স্বচ্ছতা ও গুণগতমান বজায় রাখা প্রয়োজন। রাবার চাষিদের রাবারের চারা সরবরাহের ক্ষেত্রে রাবার বোর্ডকে সতর্ক থাকতে হবে। তাদের উন্নত প্রজাতির রাবার চারা সরবরাহ করতে হবে। পাশাপাশি প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে যুব সমাজকে টি.আর.পি.সি.এল.-র সঙ্গে আরও বেশি করে যুক্ত করতে হবে। রাবার বাগান সম্প্রসারণের কাজ অব্যাহত রাখতে মুখ্যমন্ত্রী আধিকারিকদের পরামর্শ দেন। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন সঠিক পরিকল্পনা ও কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে টি.আর.পি.সি.এল. আগামীদিনে রাজ্যের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আজকের বৈঠকের শুরুতে সচিত্র প্রতিবেদনের মাধ্যমে জনজাতি কল্যাণ দপ্তর এবং টি.আর.পি.সি.এল.-এর সচিব কে. শশীকুমার কর্পোরেশনের সার্বিক কাজকর্ম, রাবার উৎপাদন, বিপণন সংক্রান্ত নীতিগত বিষয়, কর্পোরেশনের পরিকাঠামোগত উন্নয়ন, চলমান ও প্রস্তাবিত উন্নয়নমূলক প্রকল্প নিয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সার্বিক বিষয় সম্পর্কে খোঁজখবর নেনে।

এছাড়াও বৈঠকে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, মুখ্যসচিব জে. কে. সিনহা, টি.আর.পি.সি.এল.-র চেয়ারপার্সন পাতাল কন্যা জমাতিয়া, মুখ্যমন্ত্রীর সচিব ড. পি. কে. চক্রবর্তী, অর্থসচিব অপূর্ব রায়, এম. ডি. ভানুমতি জি. সহ কর্পোরেশনের শীর্ষ আধিকারিকগণ উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ করেন।

*****